

ঢাবি ক্যাম্পাসে পাখিদের নিরাপদ আবাস তৈরি করল ছাত্রদল

ঢাবি প্রতিবেদক

১৬ অক্টোবর ২০২৪, ১১:১৫ পিএম



পাখিদের নিরাপদ আবাস তৈরিতে কাজ করছে ছাত্রদল। ছবি: আমাদের সময়

পরিবেশবান্ধব কর্মসূচির অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন গাছে মাটির হাড়ি বেঁধে পাখির নিরাপদ বাসা স্থাপন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল। আজ বুধবার বিকেলে এই কার্যক্রম শুরু করেছে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন মো. নাছির উদ্দিন শাওন, সৈকত মোর্শেদ, ইমাম আল নাসের মিশুক, ফাহিম ফয়সাল, সাইফ খান, আকিব জাবেদ রাফি, মানিউল পাঠান শান্ত, মাহমুদুল হাসান, আবদুল্লাহ আল কাফি, রুহুল আমিন সবুজ, সাকিব প্রমুখ।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নাছির উদ্দিন শাওন বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে ছাত্রছাত্রীদের জন্য নিরাপদ করতে যেমন ছাত্রদল কাজ করছে, তেমনি পাখিদের নিরাপদ আশ্রয়স্থল হিসেবেও যেন এই ক্যাম্পাস গড়ে উঠে সেই চেষ্টা করছে। যানবাহন ও অপরিষ্কৃত নগরায়নের প্রভাবে ঢাকা শহর আজ পাখিশূন্য হয়ে যাচ্ছে। এটি আমাদের ব্যথিত করে। তাই আমাদের ক্যাম্পাস থেকে আমরা কাজ শুরু করলাম, অন্যরাও যেন এমন উদ্যোগ নিয়ে পরিবেশ রক্ষায় ভূমিকা পালন করে।



প্রসঙ্গত, জুলাই-আগস্ট বিপ্লবের পর রাজনৈতিক পট পরিবর্তনের সুযোগে ক্যাম্পাসের সক্রিয় হচ্ছে গত ১৬ বছর ধরে নিষ্ক্রিয় থাকা সংগঠনগুলো। এর মধ্যে ছাত্রদল এবং ছাত্রশিবির উল্লেখযোগ্য। নানা রকম কার্যক্রমের মধ্য দিয়ে সংগঠনগুলো তাদের অবস্থান জানান দিচ্ছে।